গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী )
www.dme.gov.bd
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৩.০৬২.১৭.২৪৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৫
২৫ জুলাই ২০১৮

বিষয়: **দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলাধীন তেঁতুলিয়া ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসার সুপার জনাব আবুল মোকাররম মো: আনছার আলী এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ সংশোধনীর নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: ০১.শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪,তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রিঃ।
০২.সুপার,তেঁতুলিয়া ইসলামিয়া দ্বিমূখী দাখিল মাদরাসা,ফুলবাড়ি,দিনাজপুর এর আবেদন,তারিখ-০৫.১০.২০১৭ খ্রি.

উপরউক্তি বিষয় ও সূত্রের আলোকে মহোদয়রে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণরে নিমিত্ত জানানো যাচ্ছে যে, মাদরাসা শিক্ষা অধদিপ্তররের আওতাধীন নিম্নোক্ত মাদরাসার সুপার কর্তৃক এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ সংশোধনের নিমিত্ত জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এ অধদিপ্তরে তাঁর আবদেন অগ্রায়ন করা হয়ছে ।

০২.দাখিলকৃত আবদেন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি এবং এমপিওশীটে বিদ্যমান জন্ম তারখি পর্যালোচনান্তে যে তথ্য পাওয়া যায় তা নিম্নরুপ-

| ক্রমিক:নং: | নাম,পদবী ও প্রতিষ্ঠানের নাম | ইনডেক্স নম্বর | এমপিও শীটে বিদ্যমান ভুল জন্ম তারিখ | এমপিও শীটে চাহিত (মূদ্রণ হবে) জন্ম তারিখ | জেলা উপজেলা। | আবেদন জমা দানের তারিখ। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব আবুল মোকাররম মো: আনছার আলী,সুপার, তেঁতুলিয়া ইসলামিয়া দ্বি-মূখী দাখিল মাদরাসা। (ইন নং-১২০৪৪১) | ০৮৩১৮৪ | ০১.০১.১৯৫৮ | ০১.০১.১৯৫৯ | ফুলবাড়ী,দিনাজপুর। | ১১.১০.২০১৭ | ০১.জনাব আবুল মোকাররম মো: আনছার আলী,সুপার এর এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ফেব্রু/১৯৯৮ সালে ০১.০১.১৯৫৮ খ্রি: মুদ্রিত হয়ে আসছে। অপরদিকে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তাঁর জন্ম তারিখ প্রমাণক দাখিল সনদে জন্ম তারিখ ০১.০১.১৯৫৯ খ্রি: উল্লিখিত হয়েছে।<br><br>০২.এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ(০১.০১.১৯৫৮) ও দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ(০১.০১.১৯৫৯) ভিন্ন হওয়ায় দাখিল সনদ অনুযায়ী এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০১.১৯৫৯ হিসেবে সংশোধনের জন্য সুপার কর্তৃক জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এ অধিদপ্তরে আবেদন করা হয়েছে।<br><br>০৩.আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় আরো দেখা যায় যে,তাঁর (জনাব আবুল মোকাররম মো: আনছার আলী) জন্ম তারখি সম্বলতি ১ম এমপিও শীট ১৯৯৮ সালে প্রকাশিত হয় এবং প্রথম থেকেই এমপিও শীটে তাঁর জন্ম |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | তারিখ ০১.০১.১৯৫৮ খ্রি. মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যহত আছে। এ দীর্ঘ (১৯৯৮-২০১৭) ২০ বছরে জনাব আবুল মোকাররম মো: আনছার আলী কর্তৃক তাঁর জন্ম তারিখ সংশোধনের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে কোন প্রমানক দেয়া হয়নি।<br>০৪.এখানে উল্লখ্যে যে,(জনাব আবুল মোকাররম মো: আনছার আলী) তেঁতুলয়িা ইসলাময়িা দ্বি-মূখী দাখিল মাদরাসার সুপার হিসেবে তাঁর নিজের এবং উক্ত মাদরাসার সকল শিক্ষক কর্মচারীর এমপিও শীট তাঁর কাছে সংরক্ষিত থাকে এবং উক্ত এমপিও শীটের মাধ্যমে ব্যাংক হতে এমপিও উত্তোলন করা হয়ে থাকে।<br><br>০৫.এখানে আরো উল্লেখ্য যে,প্রতিটি এমপিও শীটে সংশ্লিষ্ট মাদরাসার সকল শিক্ষক কর্মচারীর জন্ম তারিখ বিদ্যমান রয়েছে।ফলে এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটি সর্ম্পকে সুপার হিসেবে সম্মক অবগত আছেন এবং এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখের ভিত্তিতেই দীর্ঘ ২০(বিশ) বছর যাবত এমপিও উত্তোলন করে আসছেন।বিধায় এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটি সঠিক মর্মে স্বীকৃতি দিয়ে জনাব আবুল মোকাররম মো: আনছার আলী এমপিও উত্তোলন করছেনে র্মমে প্রমানিত হয়।<br>০৬.এখানে আরো উল্লেখ্য যে,সাক্ষ্য আইনের ১১৫ নং ধারায় উল্লিখিত  হয়েছে “যখন এক ব্যক্তি তাহার ঘোষনা, কার্য বা কার্য বিরতির দ্বারা স্বেচ্ছায় অন্য ব্যক্তিকে কিছু সত্য বলিয়া বিশ্বাস করাইয়াছেন বা বিশ্বাস করিতে দিয়েছেন এবং সেই বিশ্বাসের ভিত্তিতে কাজ করিতে দিয়াছেন, তখন উহাদের মধ্যে বা উহাদের প্রতিনিধিদের মধ্যে কোন মামলায় প্রথমোক্ত ব্যক্তি বা তাহার প্রতিনিধি উক্ত বিষয়ের সত্যতা অস্বীকার করতে পারবেন না”। অর্থাৎ যা সাক্ষ্য আইন অনুযায়ী estoppel এর আওতায় পড়ে।<br>০৭।একজন প্রতিষ্ঠান প্রধান হিসেবে তাঁর(জনাব আবুল মোকাররম মো: আনছার আলী) কাছে এমপিও শীট সংরক্ষিত থাকে। সে মতে এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ ০১.০১.১৯৫৮ সম্পর্কে সম্মক ওয়াকেবহাল থাকা সত্বেও দীর্ঘ ২০ বছর যাবৎ জন্ম তারিখ সংশোধন করার কোন পদক্ষেপ গ্রহণ না করায় এটা স্পষ্ট হয় যে, তাঁর জন্ম |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | তারিখ ০১.০১.১৯৫৮খ্রি. মর্মে তিনি স্বীকার করে নিয়েছেন।<br>০৮.যেহেতু নিজের ২০ বছরের কার্যকলাপ দ্বারা এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটি(সংশোধনের উদ্যোগ না নিয়ে)সঠিক আছে মর্মে প্রমানিত করছেনে সেহেতু সাক্ষ্য আইনের ১১৫ ধারা মোতাবেক জনাব আবুল মোকাররম মো: আনছার আলী তাঁর এমপিও শীটে জন্ম তারিখ ০১.০১.১৯৫৮ অস্বীকার করতে পারেন না (সাক্ষ্য আইনের estppel এর বিধান মতে)।<br><br>**সিদ্ধান্ত:উপরিউক্ত সিদ্ধান্ত মতে দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ(০১.০১.১৯৫৯)অনুযায়ী তাঁর(জনাব আবুল মোকাররম মো:আনছার আলী)জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবদেন নামঞ্জুর করা হলো।** |

৩. উপরেবর্ণিত পর্যালোাচনা ও সিদ্ধান্ত মতে সংশোধনীর নিমিত্ত আবদেনকারীর দাখিলকৃত আবেদনের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

৪. এমতাবস্থায় পর্যালোচনা ও  সিদ্ধান্ত কলামে বর্ণিত সিদ্ধান্ত মতে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জনাব আবুল মোকাররম মো: আনছার আলী,সুপার,তেঁতুলিয়া ইসলামিয়া দ্বি-মূখী দাখিল মাদরাসা,ফুলবাড়ী,দিনাজপুর কে অবহিতির জন্য অনুরোধ করা হলো।

২৫-৭-২০১৮
মোঃ বিল্লাল হোসেন
মহাপরিচালক

জেলা শিক্ষা অফিসার,দিনাজপুর

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৩.০৬২.১৭.২৪৭/১(৬)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৫
২৫ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২) মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা;
৩) আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর;
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী,দিনাজপুর;
৫) সুপার/সভাপতি,তেঁতুলিয়া ইসলামিয়া দ্বি-মূখী দাখিল মাদরাসা, ফুলবাড়ী,দিনাজপুর;
৬) অফিস কপি।

২৫-৭-২০১৮
মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক